গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-১০৮/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ২৭ ফেব্রুয়ারি, মঙ্গলবার ২০২৪, ১৪ ফাল্গুন ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। জাতিসংঘ বাংলাদেশে জলবায়ু কর্মকান্ডে অর্থায়নের প্রতিশ্রুতি দিয়েছে

০২। আগামী চার মাসে প্রাথমিকে ১০ হাজার শিক্ষক নিয়োগ হবে

০৩। ভারত থেকে মার্চের প্রথম সপ্তাহেই আসবে পেঁয়াজ

০৪। ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনকে সামনে রেখে গণসংযোগে ব্যস্ত প্রার্থীরা

## ০১। জাতিসংঘ বাংলাদেশে জলবায়ু কর্মকান্ডে অর্থায়নের প্রতিশ্রুতি দিয়েছে

জাতিসংঘ বাংলাদেশে জলবায়ু কর্মকাণ্ডে অর্থায়নের প্রতিশ্রুতি দিয়েছে জানিয়ে পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় জাতিসংঘ তার বিভিন্ন সংস্থার মাধ্যমে বাংলাদেশকে যথেষ্ট অর্থায়ন করবে। চলতি অর্থবছরে ২৪টি মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত ৩৫ হাজার কোটি টাকা অপর্যাপ্ত বলে উল্লেখ করে তিনি আর্থিক সহায়তা বাড়ানোর উপর জোর দেন। তিনি বলেন, জাতিসংঘের বিভিন্ন চ্যানেলের মাধ্যমে জলবায়ু প্রশমন এবং অভিযোজন প্রচেষ্টার জন্য অতিরিক্ত তহবিল সংগ্রহের বিষয়ে জাতিসংঘ প্রতিনিধিদলের সাথে আলোচনা হয়েছে। মন্ত্রী রাজধানীর পরীবাগে তার বাসভবনে জাতিসংঘের আবাসিক সমন্বয়ক গুয়েন লুইসের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র: দৈনিক নিউ টাইমস ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

## ০২। আগামী চার মাসে প্রাথমিকে ১০ হাজার শিক্ষক নিয়োগ হবে

প্রাথমিক ও গণশিক্ষা সচিব ফরিদ আহমদ জানিয়েছেন, প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আগামী চার মাসের মধ্যে ১০ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হবে। সারাদেশে নিয়োগ প্রক্রিয়া চলমান। ২০৩০ সালের মধ্যে শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১:৩০ হওয়ার লক্ষ্যমাত্রা রয়েছে। বর্তমানে শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১:৩১ দাঁড়িয়েছে। আমরা আশাবাদী ২০২৪ সালের মধ্যেই এ অনুপাত ১:৩০ হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চলমান উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা ও শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে রবিবার (২৫ ফেব্রুয়ারি) সকালে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) ময়মনসিংহ অডিটোরিয়ামে নেপের কর্মকর্তাসহ প্রাথমিক ও গণশিক্ষা, পিটিআই, এলজিইডি, ডিপিএইচই এর কর্মকর্তাদের নিয়ে আয়োজিত বিভাগীয় কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে সচিব এ তথ্য জানান। ময়মনসিংহ বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয় কর্তৃক এ অনুষ্ঠান আয়োজিত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও আজকের বাংলাদেশ।

## ০৩। ভারত থেকে মার্চের প্রথম সপ্তাহেই আসবে পেঁয়াজ

আসন্ন রমজানে বাজারে সরবরাহ ও দাম স্বাভাবিক রাখতে রোজার আগেই ভারত থেকে ৫০ হাজার টন পেঁয়াজ আমদানি করতে চায় সরকার। দ্বিপাক্ষিক চুক্তির আওতায় বাংলাদেশে এই পেঁয়াজ রপ্তানি করবে ভারত। চলতি সপ্তাহেই এই পেঁয়াজ আমদানি রপ্তানি সংক্রান্ত অফিসিয়াল কাগজ পাওয়া যেতে পারে। অফিশিয়াল কাগজ পাওয়ার তিন দিনের মধ্যে ভারত থেকে বাংলাদেশে পেঁয়াজ আনতে চায় বাণিজ্য মন্ত্রণালয়। ফলে আগামী সপ্তাহে বা মার্চের প্রথম সপ্তাহে দেশের বাজারে আসতে পারে ভারতীয় পেঁয়াজ। বাণিজ্য মন্ত্রণালয় সূত্র এ তথ্য নিশ্চিত করেছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও আজকের বাংলাদেশ।

## ০৪। ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনকে সামনে রেখে গণসংযোগে ব্যস্ত প্রার্থীরা

আগামী ৯ মার্চ ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনকে সামনে রেখে বিজয় নিশ্চিতে দিনরাত নগরীর সর্বত্র, সর্বজনের সাথে বিভিন্ন মতবিনিময় সভা ও গণসংযোগ, প্রচার-প্রচারণা চালিয়ে যাচ্ছেন প্রার্থীগণ। নগরীর বিভিন্ন ওয়ার্ডের অলিগলিতে লিফলেট বিতরণ, উঠান বৈঠক, পথসভা চালিয়ে যাচ্ছেন দিবারাত্রি। বিভিন্ন স্থানীয় পত্রিকা সূত্রমতে, টেবিল ঘড়ি প্রতীকের মেয়র প্রার্থী বর্তমান সিটি মেয়র মো. ইকরামুল হক টিটু, হাতি প্রতীকের মেয়র প্রার্থী সাদেকুল হক খান মিল্কি টজুসহ বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থীগণ গণসংযোগ চালিয়ে যাচ্ছেন। এদিকে সোমবার (২৬ ফেব্রুয়ারি) দুপুরে ময়মনসিংহ প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করে ১৫ দফা নির্বাচনী ইশতেহার ঘোষণা করেন হাতি প্রতীকের মেয়র প্রার্থী। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও আজকের বাংলাদেশ।

## সম্পাদকীয়

(ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন:** এবছর এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে প্রথম দিনে অনুপস্থিত ছিল ১৯ হাজার ৩৫৯ জন পরীক্ষার্থী। তৃতীয় দিন অনুপস্থিত ছিল ২১ হাজার ৬২৩ জন পরীক্ষার্থী। প্রতিবছর হাজার হাজার শিক্ষার্থী চূড়ান্ত পর্যায়ে এসে অনুপস্থিত থাকছে। এর পেছনে অন্যতম কারণ অভিভাবকদের অসচেতনতা এবং অর্থনৈতিক অসচ্ছলতা। সময়মতো মনিটরিং ও পরিচর্যার অভাব রয়েছে শিক্ষা প্রতিষ্ঠানগুলোরও। শিক্ষা প্রতিষ্ঠানগুলো যদি ধারাবাহিকভাবে অভিভাবকদের সাথে যোগাযোগ রাখে তাহলে এই সমস্যা অনেকটা দূর করা সম্ভব।

(খ) **আজকের বাংলাদেশ**: দেশে একই জাতের ধান থেকে উৎপাদিত চাল ভিন্ন নামে ও দামে বিক্রি হয়। এছাড়া চালের বাজারদর নিয়েও বহুদিন ধরে নানা কারসাজি চলছে। যারা কারসাজির হোতা তাদের বিরুদ্ধে বড় ধরনের পদক্ষেপ অতীতে কখনোই নেয়া হয়নি। বস্তুত দেশের বাজারব্যবস্থা সিন্ডিকেটের হাতে জিম্মি হয়ে পড়েছে। এ অবস্থায় কর্তৃপক্ষ কেবল দায়সারা নির্দেশ দিলে ভোক্তারা এর সুফল পাবে না। বাজারে অস্থিরতা রোধে এবং ভোক্তাদের স্বার্থ সুরক্ষায় আইনি পদক্ষেপ গ্রহণসহ যা যা করা দরকার সবই করতে হবে।

(গ) **দৈনিক নিউ টাইমস:** বর্তমানে সাধারণ মানুষদের দৈনন্দিন চাহিদা মেটাতে হিমশিম খেতে হচ্ছে। এরমধ্যে নতুন করে গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম বাড়লে জনজীবনে নেতিবাচক প্রভাব পড়বে। বিদ্যুতের দাম আবার বাড়ানো হলে প্রতিটি পণ্যের দাম বাড়বে। সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় আরও বেড়ে যাবে। বিদ্যুতের সামান্য মূল্যবৃদ্ধি জনজীবনকে বিষিয়ে তোলে। উৎপাদন প্রক্রিয়ায় বিদ্যুৎ সরাসরি ভূমিকা রাখে। যে কারণে বিদ্যুতের দাম বাড়ানো হলে তার প্রভাব সর্বত্র পড়ে। তাই সরকারের উচিত বিদ্যুতের দাম না বাড়িয়ে ভর্তুকি দেয়া।

### প্রবন্ধ/নিবন্ধ

০১। চতুর্থ শিল্পবিপ্লবে প্রযুক্তির চ্যালেঞ্জকেও মোকাবিলা করতে হবে- হীরেন পন্ডিত (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

০২। ভাষা আন্দোলন বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ- লায়ন মো. গনি মিয়া বাবুল (দৈনিক স্বজন)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।